# ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
## বাংলাদেশ নৌবাহিনী
সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ
www.dewbn.gov.bd
ফোন ঃ ০১৭৬৯-৭১৯৮০৬, ফ্যাক্স ঃ +৮৮০২২২৩৩০৩৫০১


০৮ জ্যৈষ্ঠ ১৪৩২

০৬.০২.৬৭৫৮.১৬৫.১১.১৬৫.২৫.৩৬৩ — ২২ মে ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস (ডিইডব্লিউ) লিঃ, সোনাকান্দা, নারায়ণগঞ্জ এর চলমান বিভিন্ন প্রজেক্টের অধীনে প্রশাসন বিভাগের জন্য নিম্নেবর্ণিত পদে **চুক্তিভিত্তিক** জনবল নিয়োগ প্রদান করা হবে :

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বয়স (৩০/০৬/২০২৫ পর্যন্ত) | নিয়োগ এর ধরণ | বেতন |
|---|---|---|---|---|---|---|
| ১। | যানবাহন চালক (এমটিডি) | ০৫ (পাঁচ) টি | **শিক্ষাগত যোগ্যতা**<br>১। অষ্টম শ্রেণি পাশ।<br>**অভিজ্ঞতা**<br>১। যানবাহন চালনায় ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন।<br>২। হেভী/ মিডিয়াম লাইসেন্সধারী। | অনূর্ধ্ব ৩০ বছর। বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিথিল যোগ্য। | চুক্তি ভিত্তিক | ডিইডব্লিউ লিঃ এর নিজস্ব চুক্তিভিত্তিক বেতন কাঠামো অনুযায়ী |
| ২। | নিম্নমান করণিক কাম কম্পিউটার অপারেটর (এলডিসি) | ০১ (এক) টি | **শিক্ষাগত যোগ্যতা**<br>১। এইচএসসি পাশ।<br>**অভিজ্ঞতা**<br>১। প্রতি মিনিটে ৩৫ ও ২৫ শব্দ যথাক্রমে ইংরেজী ও বাংলা টাইপের গতি সম্পন্ন।<br>২। কম্পিউটার পরিচালনায় পারদর্শী। | | | |
| ৩। | জুনিয়র কুক | ০১ (এক) টি | **শিক্ষাগত যোগ্যতা**<br>১। এসএসসি/ সমমান পাশ।<br>**অভিজ্ঞতা**<br>১। রন্ধন কাজে ০৩ বছর অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি অগ্রগণ্য।<br>২। বিশেষ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। | | | |

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বয়স (৩০/০৬/ ২০২৫ পর্যন্ত) | নিয়োগ এর ধরণ | বেতন |
|---|---|---|---|---|---|---|
| ৪। | নিরাপত্তা প্রহরী | ০১ (এক) টি | **শিক্ষাগত যোগ্যতা**<br>১। সশস্ত্র বাহিনী, পুলিশ, বিজিবি, আনসার এ চাকরির অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণি পাশ অথবা এসএসসি/ সমমান পাশ। | অনূর্ধ্ব ৩০ বছর। বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিথিল যোগ্য। | চুক্তি ভিত্তিক | ডিইডব্লিউ লিঃ এর নিজস্ব চুক্তিভিত্তিক বেতন কাঠামো অনুযায়ী |
| ৫। | ফায়ারম্যান | ০২ (দুই) টি | **অভিজ্ঞতা**<br>১। সরকারী ও বেসরকারী বিভিন্ন সংস্থা হতে মৌলিক প্রশিক্ষণ গ্রহণকারী এবং সংশ্লিষ্ট কাজে ০৩ বছর অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি অগ্রগণ্য।<br>২। সুস্থ, সবল ও সুঠাম দেহের অধিকারী অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। | | | |

২। মূল বেতনের সাথে অন্যান্য ভাতাদি ও বোনাস ডিইডব্লিউ লিঃ এর নিজস্ব বেতন কাঠামো, নিয়োগ নীতিমালা ও প্রচলিত নিয়মানুযায়ী (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করা হবে।

৩। ডিইডব্লিউ লিঃ এর মেডিক্যাল সেকশন কর্তৃক প্রদত্ত মেডিক্যাল ফিটনেস সার্টিফিকেট সন্তোষজনক ও পুলিশ তদন্ত প্রতিবেদন সন্তোষজনক প্রতিপাদিত হলে নিয়োগ প্রদান করা হবে।

৪। আগ্রহী প্রার্থীকে পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি, স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভা/ সিটি কর্পোরেশনের মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/ জাতীয়তা সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, জন্ম নিবন্ধন (অনলাইন ভেরিফাইড কপি যদি থাকে), শিক্ষাগত যোগ্যতার সনদ/ প্রত্যয়ন পত্র এবং সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্রসমূহের সত্যায়িত কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতঃ উক্ত **আবেদন পত্র ব্যবস্থাপনা পরিচালক বরাবর "ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বাংলাদেশ নৌবাহিনী, সোনাকান্দা, বন্দর-১৪১০, বন্দর, নারায়ণগঞ্জ"** এর **ঠিকানায় আগামী ০২ জুন ২০২৫ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে** প্রেরণ করতে হবে। প্রেরিত আবেদন পত্রের খামের উপর অবশ্যই পদের নাম ও মোবাইল নাম্বার উল্লেখ করতে হবে।

৫। প্রার্থীকে বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৬। লিখিত/ মৌখিক/ ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

৭। ডিইডব্লিউ লিঃ এর চাহিদার প্রেক্ষিতে পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি হতে পারে।

৮। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

৯। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অনুমতি পত্র অবশ্যই আবেদনের সাথে দাখিল করতে হবে।

১০। নিরাপত্তার স্বার্থে নিয়োগ সংশ্লিষ্ট পরীক্ষায় অংশ গ্রহণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি ও সচেতনতা অবলম্বন করতে হবে।

১১। নিয়োগ সংক্রান্ত বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১২। ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল এবং সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

পক্ষে ব্যবস্থাপনা পরিচালক